

# বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪



**ডাক অধিদপ্তর**

আগারগাঁও, ঢাকা-১২১০

[www.bdpost.gov.bd](http://www.bdpost.gov.bd)

উপদেষ্টা

এস এম শাহাব উদ্দীন  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
ডাক অধিদপ্তর, ঢাকা।

প্রচ্ছদ

মোহাম্মদ জাকির হোসেন  
সহকারী, ডাক অধিদপ্তর, ঢাকা।

পরিকল্পনা, নির্দেশনা ও  
সম্পাদনা

আল মাহবুব  
পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা)  
ডাক অধিদপ্তর, ঢাকা

শরীফ মোঃ সাইফুল্লাহ  
শাখা কর্মকর্তা (গবেষণা)  
ডাক অধিদপ্তর, ঢাকা

## সূচীপত্র

১	উপক্রমণিকা	১
২	ডাক অধিদপ্তরের আইনি কাঠামো	২
৩	ডাক অধিদপ্তরের প্রশাসনিক কাঠামো	৩
	৩.১ ডাক অধিদপ্তরের প্রশাসনিক কাঠামো চিত্র	৪
	৩.২ ডাক অধিদপ্তরের প্রশাসনিক অফিস সমূহের শ্রেণি বিন্যাস	৫
৪	ডাক অধিদপ্তরের সংস্থাপন	৬
৫	ডাক অধিদপ্তরের মহাপরিচালকের দপ্তরের শাখাভিত্তিক প্রতিবেদন	
	৫.১ স্টাফ-১ শাখা	০৭
	৫.২ সংস্থাপন শাখা	০৮
	৫.৩ পরিদর্শন শাখা	০৯
	৫.৪ তদন্ত শাখা	১০
	৫.৫ বেতন ও ভাতা শাখা	১২
	৫.৬ সরবরাহ শাখা	১২
	৫.৭ প্রকাশনা শাখা	১২
	৫.৮ পোস্টাল প্রিন্টিং প্রেস	১৩
	৫.৯ আন্তর্জাতিক হিসাবরক্ষন অফিস	১৩
	৫.১০ মেইল শাখা	১৯
	৫.১১ আইপিএস শাখা	২০
	৫.১২ স্ট্যাম্পস শাখা	২৩
	৫.১৩ ফিলাটেলি শাখা	২৪
	৫.১৪ হিসাব শাখা	২৫
	৫.১৫ প্রশাসন শাখা	২৬
	৫.১৬ জনসংযোগ ও কল্যাণ শাখা	২৬
	৫.১৭ সঞ্চয় শাখা	২৮
	৫.১৮ পরিকল্পনা-১ ও ২ শাখা	৩২
	৫.১৯ প্রশিক্ষণ শাখা	৩৪
	৫.২০ সেন্ট্রাল আইসিটি সেল	৪০
৬	পোস্টাল সার্কেলের পরিচিতি ও কার্যক্রমসমূহ	
	৬.১ কেন্দ্রীয় সার্কেল, ঢাকা	৪২
	৬.২ মেট্রোপলিটন সার্কেল, ঢাকা	৪৮
	৬.৩ পূর্বাঞ্চল সার্কেল, চট্টগ্রাম	৫৩
	৬.৪ দক্ষিণাঞ্চল সার্কেল, খুলনা	৫৭
	৬.৫ উত্তরাঞ্চল সার্কেল, রাজশাহী	৫৯
	৬.৬ জেনারেল ম্যানেজারের কার্যালয়, ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল	৬৩
	৬.৭ জেনারেল ম্যানেজারের কার্যালয়, ডাক জীবন বীমা, পশ্চিমাঞ্চল	৬৬
৭	ডিজিটাল ব্যবস্থাপনা ও ডাক অধিদপ্তর	৬৯
৮	উপসংহার	৭২

## ১. উপক্রমণিকা:

ডাক অধিদপ্তর বাংলাদেশে ডাক পরিষেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের একটি অধিদপ্তর। এটি একটি সেবামুখী সরকারি প্রতিষ্ঠান। দেশব্যাপী সুবিস্তৃত নেটওয়ার্কের মাধ্যমে এ প্রতিষ্ঠান বহুমুখী মৌলিক ডাক সেবা এবং আর্থিক ও তথ্য প্রযুক্তি ভিত্তিক ডিজিটাল ডাক সেবা প্রদানের জন্য নিবেদিত। ডাক অধিদপ্তর প্রায় ১৫০ বছরের ঐতিহ্য ধারণ করে এগিয়ে চলছে। এ দেশের বিপুল জনগোষ্ঠীর সেবা প্রদানের জন্য ডাক অধিদপ্তরই একমাত্র সরকারি ডাক সেবা প্রদানকারী সংস্থা। শ্রেণি-পেশা নির্বিশেষে সমাজের সকল স্তরের জনগণের জন্য দ্রুততম সময়ে নির্ভরযোগ্য ও সাশ্রয়ী ডাক সেবা নিশ্চিতকরণে ডাক অধিদপ্তর অঙ্গীকারাবদ্ধ। বর্তমানে উন্নত দেশগুলোর মতো উপমহাদেশে এবং এদেশেও ডাক বিভাগে লেগেছে প্রযুক্তির ছোঁয়া। ডাক অধিদপ্তরের সেবা পৌঁছে গেছে শহরের সীমা ছাড়িয়ে প্রত্যন্ত অঞ্চলে। ডাক অধিদপ্তরের নেটওয়ার্ক সমগ্র বাংলাদেশে বিস্তৃত। সুবিস্তৃত এ নেটওয়ার্কের কারণে ডাক অধিদপ্তরের অফিসগুলি জনগণের খুব কাছাকাছি। তাই ডাক অধিদপ্তরের মাধ্যমে ডাক সেবার পাশাপাশি সরকারের বিভিন্ন সেবামূলক কার্যক্রম পরিচালনা করার ব্যাপক সুযোগ রয়েছে। ডাক অধিদপ্তরের ন্যায় অন্য কোন সরকারী সংস্থার এরূপ দেশব্যাপী নেটওয়ার্ক নেই। এছাড়া সেবা প্রদানের জন্য ডাক অধিদপ্তরের প্রশিক্ষিত বিশাল জনবল রয়েছে। ডাক অধিদপ্তর জনসাধারণকে মূলত দুই ধরনের সার্ভিস প্রদান করে থাকে- ক) মূল সার্ভিস এবং খ) এজেন্সি সার্ভিস।

ক) মূল সার্ভিস এর মধ্যে রয়েছে সাধারণ চিঠিপত্র, রেজিষ্টার্ড চিঠিপত্র, জি ই পি, ই এম এস, মনিঅর্ডার, পার্সেল সার্ভিস, ভিপিপি, ভিপিএল, ডাকটিকেট বিক্রয়, ডাকদ্রব্য গ্রহণ, প্রেরণ ও বিলি, ইলেক্ট্রনিক মানিঅর্ডার, ক্যাশ কার্ড, স্পিড পোস্ট ইত্যাদি।

খ) এজেন্সি সার্ভিস সমূহের মধ্যে রয়েছে ডাক জীবন বীমা, সঞ্চয় ব্যাংক, সঞ্চয় পত্র বিক্রয় ও ভাঙ্গানো, প্রাইজ বন্ড এবং পোস্টাল অর্ডার বিক্রয় ও ভাঙ্গানো, সরকারের সকল প্রকান নন পোস্টাল টিকেট মুদ্রণ ও বিতরণ।

ডাক অধিদপ্তরের মূল লক্ষ্য হচ্ছে জনসাধারণের কাছে ন্যূনতম ব্যয়ে নিয়মিত ও দ্রুততার সাথে ডাক সেবা প্রদান করা। ডিজিটাল বাংলাদেশের অন্যতম মূল ভিত্তি দেশের বিভিন্ন সেবাকে ডিজিটাল সেবায় রূপান্তর করা।

### রূপকল্প

সাশ্রয়ী, সর্বজনীন এবং নির্ভরযোগ্য ডাক সেবা।

### অভিলক্ষ্য

ডাক অধিদপ্তরের উন্নয়ন ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে সাশ্রয়ী, মানসম্পন্ন ও আন্তর্জাতিক মানের ডাকসেবা নিশ্চিতকরণ।

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
- কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
- দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
- কর্ম পরিবেশ উন্নয়ন
- তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
- আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

## কার্যাবলি

- ডাক সেবা প্রদান
- ডাকঘরের মাধ্যমে সঞ্চয় সেবা প্রদান
- ডাকঘরের মাধ্যমে জীবন বীমা সেবা প্রদান
- বিভিন্ন দেশ, আন্তর্জাতিক সংস্থা/সংগঠনের সাথে ডাক সংক্রান্ত বিষয়ে লিয়াজো, চুক্তি সম্পাদন ও প্রটোকল রক্ষা

## ২. ডাক অধিদপ্তরের আইনী কাঠামো:

ডাক অধিদপ্তরের আর্থিক সেবা সমূহ যে কয়েকটি আইন দ্বারা পরিচালিত হয়, সেসব হল- ১৮৯৮ সালের **The Post Office Act** (২০১০ সালে সংশোধিত), ১৮৭৩ সালের সরকারী সঞ্চয় ব্যাংক আইন এবং ১৯৪৪ এর জাতীয় ডাকঘর সঞ্চয়পত্র অধ্যাদেশ।

ডাক সেবা, পোস্টাল অর্ডার এবং মনি অর্ডার সেবা সংক্রান্ত আইনগুলো ১৮৯৮ এর ডাকঘর আইনে উল্লেখ করা আছে। আইনটিতে বর্ণিত আছে, “ডাকঘরের মনি অর্ডার পরিচালনা করার এবং এটি পরিচালনা করার জন্য বিধিমালা গঠন করার ক্ষমতা আছে। মনি অর্ডার প্রেরণ করার জন্য টাকার পরিমাণ নির্ধারণ, মনি অর্ডার চালু থাকার সময়কাল নির্ধারণ, মনি অর্ডার পাঠাতে সেবার মূল্য নির্ধারণ, ঐসব বিধিমালার অন্তর্গত”।

আবার, সরকারী সঞ্চয়ী ব্যাংক আইন ১৮৭৩ ও ডাকঘর জাতীয় সঞ্চয়পত্র অধ্যাদেশ ১৯৪৪ আইন দুটিতে সঞ্চয় ব্যাংক এবং সঞ্চয়পত্র সংক্রান্ত কিছু বিধান বর্ণনা করা আছে। ডাকঘর আইনে সংশোধনের ফলে {যা **The Post Office(Amendment) Act, 2010** হিসেবে পরিচিত} বাংলাদেশ ডাক নতুন মূল্য সংযোজিত সেবা সহ অন্যান্য আর্থিক সেবা প্রদানের সুযোগ করে দিয়েছে। বিশেষ করে সংশোধিত আইনের (৪) এর (ক) অনুচ্ছেদটির কারণে, “জনগণকে সেবা প্রদানের কথা বিবেচনা করে রূপান্তর, বিন্যাস বা নতুন প্রযুক্তি গ্রহণ ও ব্যবহার করতে পারবে। এছাড়াও অর্থ প্রেরণ সুবিধা, ব্যাংকিং সুবিধা এবং নিজে অথবা

অন্য কারো সাথে চুক্তিবদ্ধ হয়ে জীবন বীমা সেবা প্রদান করতে পারবে”। তবে, নতুন আর্থিক সেবাসমূহ; যেমনঃ মোবাইল মানি অর্ডার সার্ভিস, পোস্টাল ক্যাশ কার্ড এবং মোবাইল ব্যাংকিং সেবাগুলোর আবেক্ষণমূলক নির্দেশনা বাংলাদেশ ব্যাংক প্রদান করে থাকে।

### ৩. ডাক অধিদপ্তরের প্রশাসনিক কাঠামো

ডাক অধিদপ্তরের সর্বোচ্চ পদ মহাপরিচালক। সার্ভিস পরিচালনা করার জন্য আইন কানুন সহ বিভিন্ন বাধাসমূহ দূর করার জন্য মহাপরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারেন। বিদেশীদের সাথে ডাক যোগাযোগ স্থাপন ও রক্ষার জন্য মহাপরিচালক সিদ্ধান্ত নিতে পারেন এবং যে সকল ক্ষেত্রে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত প্রয়োজন সেক্ষেত্রে তা মন্ত্রণালয়ে সিদ্ধান্তের জন্য পাঠাতে পারেন। ৪ জন অতিরিক্ত মহাপরিচালক বিভিন্ন শাখার কাজের জন্য মহাপরিচালক কে সহায়তা করেন।


ডাক অধিদপ্তরের ৫টি পোস্টাল সার্কেল, ২টি ডাক জীবন বীমা সার্কেল এবং ১টি পোস্টাল একাডেমি রয়েছে। বাংলাদেশ ৫টি পোস্টাল সার্কেল এ বিভক্ত যার দায়িত্বে রয়েছেন একজন পোস্টমাস্টার জেনারেল। প্রতিটি সার্কেল আবার কয়েকটি বিভাগে বিভক্ত যেগুলোর দায়িত্বে আছেন একজন ডেপুটি পোস্টমাস্টার জেনারেল। অন্যান্য কার্যাবলীর মধ্যে ডাক জীবন বীমা ডাক বিভাগের অন্তর্ভুক্ত। ডাক জীবন বীমা দুটি সার্কেলে বিভক্ত। প্রতিটি সার্কেল প্রধান হিসেবে জেনারেল ম্যানেজার রয়েছেন। প্রতিটি সার্কেল কয়েকটি অঞ্চলে বিভক্ত করে প্রধান হিসেবে রয়েছেন রিজিওনাল ম্যানেজার; তাকে সহায়তা করেন ডেপুটি রিজিওনাল ম্যানেজার। তারা পলিসি সংগ্রহ, হিসাব রক্ষা এবং দাবী নিষ্পত্তিমূলক কাজ গুলো করে থাকে। প্রতিটি রিজিওনাল অফিস কয়েকটি মাঠ পর্যায়ে সহকারী জেনারেল ম্যানেজার এর অফিসের সমন্বয়ে গঠিত। উক্ত সহকারী জেনারেল ম্যানেজার কে সুপারিনটেনডেন্ট এবং পরিদর্শকগণ সহায়তা করে থাকেন। ডাক অধিদপ্তর বিভিন্ন ধরনের পোস্ট অফিসের মাধ্যমে শহর ও গ্রামাঞ্চলে সেবা প্রদান করে থাকে। সেগুলো হলোঃ (১) জেনারেল পোস্ট অফিস (জিপিও) ১টি করে প্রতিটি সার্কেলে (২) প্রধান ডাকঘর প্রতিটি শহর এলাকায় (৩) উপজেলা ডাকঘর (৪) বিভাগীয় শাখা ডাকঘর গ্রামীণ এলাকায় (৫) অবিভাগীয় শাখা ডাকঘর গ্রামীণ এলাকায়। প্রধান ডাকঘর হলো তার আওতাভুক্ত সকল উপ-ডাকঘর, শাখা ডাকঘরসমূহের হিসাব অফিস। গ্রামীণ ডাকঘর এর মধ্যে অবিভাগীয় উপ-ডাকঘর ও অবিভাগীয় শাখা ডাকঘরগুলো নির্দিষ্ট ভাতার মাধ্যমে নিযুক্ত জনবল দ্বারা পরিচালনা করা হয়। তারা নিয়মিত কর্মচারি নয়। একজন অধ্যক্ষের নেতৃত্বে আন্তর্জাতিক মানের একটি পোস্টাল একাডেমি পরিচালিত হয়ে আসছে; একজন উপাধ্যক্ষ ও কয়েকজন প্রশিক্ষক উক্ত একাডেমির অধ্যক্ষকে সহায়তা করে থাকেন।

### ৩.১. ডাক অধিদপ্তরের প্রশাসনিক কাঠামো চিত্র:

## ডাক অধিদপ্তরঃ সক্ষমতা - কেন্দ্রীয় প্রশাসনিক কাঠামো

জেলার প্রশাসনিক বিন্যাস

### ডাক বিভাগের কেন্দ্রীয় প্রণালী



### ৩.২. ডাক অধিদপ্তরের প্রশাসনিক অফিস সমূহের শ্রেণী বিন্যাস :

ক্রমিক নং	দপ্তরের নাম	সংখ্যা	অফিস প্রধানের পদবী	সদর দপ্তর
১	ডাক অধিদপ্তর	১	মহাপরিচালক	আগারগাঁও, ঢাকা- ১২০৭
২	পোস্টাল সার্কেল	৫	পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল	ঢাকা
			পোস্টমাস্টার জেনারেল, কেন্দ্রীয় অঞ্চল	ঢাকা
			পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল	রাজশাহী
			পোস্টমাস্টার জেনারেল, দক্ষিণাঞ্চল	খুলনা
			পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল	চট্টগ্রাম
৩	ডাক জীবন বীমা	২	জেনারেল ম্যানেজার, পূর্বাঞ্চল, ঢাকা	ঢাকা
			জেনারেল ম্যানেজার, পশ্চিমাঞ্চল, রংপুর	রংপুর
৪	পোস্টাল একাডেমি	১	অধ্যক্ষ, পোস্টাল একাডেমি	রাজশাহী
৫	আঞ্চলিক ম্যানেজার এর কার্যালয়	৪	আঞ্চলিক ম্যানেজার, ডাক জীবন বীমা	ঢাকা, খুলনা, রাজশাহী, চট্টগ্রাম
৬	পোস্টাল ডিভিশন	২৯	ডেপুটি পোস্টমাস্টার জেনারেল	পুরাতন জেলা সমূহ
৭	ডাক প্রশিক্ষণ কেন্দ্র	৪	অধ্যক্ষ, ডাক প্রশিক্ষণ কেন্দ্র	ঢাকা, খুলনা, রাজশাহী, কুমিল্লা
৮	প্রধান ডাকঘরসমূহ (এ গ্রেড)	২৩	পোস্টমাস্টার (প্রথম শ্রেণি)	সকল জেলা শহরে

৯	পরিদর্শকের কার্যালয়	১২৭	পোস্ট অফিস পরিদর্শক	বিভিন্ন সমূহ।	উপজেলা
---	-------------------------	-----	---------------------	------------------	--------

### ৪. ডাক অধিদপ্তরের সংস্থাপন:

সরকারি সেবা প্রদানের লক্ষ্যে একটি দক্ষ ব্যবস্থাপনা টিম হতে হলে জাতির কাছে প্রতিশ্রুতিবদ্ধ এবং রাজস্ব আয়ে নিবেদিতপ্রাণ হতে হয়। কর্মচারীদের মনস্তাত্ত্বিক ও মানসিক পরিবর্তন করতে এবং জনগণের জন্য সেবার মানকে উন্নত করতে সমস্ত কর্মীবাহিনীকে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। ডাক অধিদপ্তর বাংলাদেশের একটি বৃহৎ সরকারি সেবামুখী প্রতিষ্ঠান। দেশের ১৬ কোটি মানুষকে সেবা দান করার জন্য ৯,৮৪৮ টি পোস্ট অফিস রয়েছে। এই জনশক্তিকে দু'ভাগে ভাগ করা যায়। বিভাগীয় কর্মী ১৬৯৩৪ জন এবং অবিভাগীয় কর্মী ২৩,০২১ জন। জিপিও এবং প্রধান ডাকঘরসমূহ (এ গ্রেড) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা নিয়ন্ত্রিত হয়। অন্যান্য পোস্ট অফিসগুলি ননগেজেটেড কর্মকর্তা দ্বারা পরিচালিত হয়। ৮৪২৮ টি অবিভাগীয় ব্রাঞ্চ অফিস এবং অবিভাগীয় সাব অফিস স্থানীয় ব্যক্তির দ্বারা পরিচালিত হয় যারা বেতনের বদলে সম্মানী পেয়ে থাকেন। যদিও তারা সম্পূর্ণরূপে সরকারি কর্মচারী নন তথাপি তারা ডাক বিভাগের লক্ষ্য অর্জনে বলিষ্ঠ ভূমিকা পালন করেন। এছাড়াও এই পোস্ট অফিসগুলি ভিন্ন প্রশাসনিক ব্যবস্থাপনার অধীন যার ভেতর অন্তর্ভুক্ত আছে পরিদর্শক পোস্ট অফিস, পরিদর্শক ডাক জীবন বীমা ইত্যাদি।

সকল পদের নিয়োগের জন্য একটি নীতিমালা রয়েছে। বাংলাদেশ ডাক বিভাগের কর্মকর্তাগণ (হিসাবরক্ষণ অফিসার ও প্রকৌশলীগণ ব্যতিত) বাংলাদেশ সরকারী কর্মকমিশন কর্তৃক উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে অন্যান্য বিসিএস (বাংলাদেশ সিভিল সার্ভিস) কর্মকর্তার ন্যায় বিসিএস (ডাক) ক্যাডারে নির্বাচিত হয়ে থাকেন। বিসিএস (ডাক) ক্যাডারে নির্বাচিত কর্মকর্তাগণ বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র থেকে অন্যান্য ক্যাডারের সঙ্গে বুনিয়াদি প্রশিক্ষণ নিয়ে থাকেন। এ ছাড়া বিশেষ প্রশিক্ষণ হিসেবে পোস্টাল একাডেমিতে তৃতীয় ও ব্যহারিক প্রশিক্ষণ নিয়ে থাকেন। হিসাবরক্ষণ কর্মকর্তা ও প্রকৌশলীগণ বাংলাদেশ সরকারী কর্মকমিশন হতে নন-ক্যাডার অফিসার হিসেবে নিয়োগ পেয়ে থাকেন এবং তারা তাদের জন্য প্রয়োজ্য প্রশিক্ষণ সম্পন্ন করে থাকেন। পরিদর্শক, জুনিয়র একাউন্টেন্ট এবং উপজেলা পোস্টমাস্টার পদে ডাক অধিদপ্তর কর্তৃক সরাসরি নিয়োগ প্রদান করা হয়।

### ৫. ডাক অধিদপ্তরের মহাপরিচালকের দপ্তরের শাখাভিত্তিক প্রতিবেদনঃ

ডাক অধিদপ্তরের মহাপরিচালকের দপ্তর আগারগাঁওস্থ দৃষ্টিনন্দন ডাক ভবনে অবস্থিত। আইকনিক এ ভবনটি ০.৭৫ একর জায়গার উপর নির্মিত হয়েছে এবং ২০২১ সালের ২৭ মে উদ্বোধনের মাধ্যমে ডাক ভবনে সদর দপ্তরের কার্যক্রম শুরু হয়। প্রায় ১৫০ ফুট উচ্চতা বিশিষ্ট এ ভবনটিতে ১৪ টি ফ্লোর রয়েছে।

## ৫.১ স্টাফ-১ শাখা

পুরণকৃত পদ						
শাখার নাম	সাল	সংস্থাপন	ক্যাডার (১ম শ্রেণি)	নন-ক্যাডার (১ম শ্রেণি)	২য় শ্রেণি	মোট
স্টাফ-১ শাখা	২০১৯	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার= ৪৬ (গ) ২য় শ্রেণি= ৬২	১৩০	২৭	০৭	১৬৪
	২০২০	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার=৪৬ (গ) ২য় শ্রেণি= ৬২	১২৬	২৫	১৯	১৭০
	২০২১	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার= ৪৬ (গ) ২য় শ্রেণি= ৬৫	১১৮	২৬	১৩	১৫৭
	২০২২	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার= ৪৬ (গ) ২য় শ্রেণি=৬৫	১১৭	২৬	১৪	১৫৭
	২০২৩	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার= ৪৬ (গ) ২য় শ্রেণি=৬৫	১০৮	২৫	১০	১৪৩
	জুন/২০২৪	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার= ৪৬ (গ) ২য় শ্রেণি=৬৫	১০৪	২৫	০৯	১৩৮

শূন্য পদ						
শাখার নাম	সাল	সংস্থাপন	ক্যাডার (১ম শ্রেণি)	নন-ক্যাডার (১ম শ্রেণি)	২য় শ্রেণি	মোট
স্টাফ-১ শাখা	২০১৯	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার=৪৬ (গ) ২য় শ্রেণি= ৬২	৬৬	১৯	৫৫	১৪০
	২০২০	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার=৪৬ (গ) ২য় শ্রেণি= ৬২	৭০	২১	৪৩	১৩৪
	২০২১	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার=৪৬ (গ) ২য় শ্রেণি= ৬৫	৭৮	২০	৫২	১৫০
	২০২২	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার=৪৬ (গ) ২য় শ্রেণি= ৬৫	৭৯	২০	৫১	১৫০
	২০২৩	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার=৪৬ (গ) ২য় শ্রেণি= ৬৬	৮৮	২১	৫৬	১৬৫
	জুন/২০২৪	(ক) ক্যাডার= ১৯৬ (খ) নন-ক্যাডার=৪৬ (গ) ২য় শ্রেণি= ৬৬	৯২	২১	৫৭	১৭০

## ৫.২ সংস্থাপন শাখা

২০২৩-২৪ অর্থবছরের প্রতিবেদনঃ

শাখার নাম	মঞ্জুরিকৃত পদ (৩য় ও ৪র্থ শ্রেণী)	শূন্য পদ (৩য় ও ৪র্থ শ্রেণী)	কর্মরত পদ
সংস্থাপন শাখা	গ্রেড ১১-১৬ = ৮৩৪২	গ্রেড ১১-১৬ = ৩৮২৩	গ্রেড ১১-১৬ = ৪৫১৯

	গ্রেড ১৭-২০ = ৮২৮১	গ্রেড ১৭-২০ = ৩৫১৮	গ্রেড ১৭-২০ = ৪৭৬৩
	মোট = ১৬৬২৩	মোট = ৭৩৪১	মোট = ৯২৮২

২০২৩-২৪ অর্থবছরে ডাক অধিদপ্তরের বিভিন্ন সার্কেল/ইউনিটে ১৬৭৪ টি পদে নতুন নিয়োগ সম্পন্ন হয়েছে।

### ৫.৩. পরিদর্শন শাখা

পরিদর্শন শাখা হতে যে সকল কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন নথিতে উপস্থাপন করা হয় তা নিম্নরূপ:

১। সচিব

২। যুগ্মসচিব

৩। উপসচিব

৪। মহাপরিচালক

৫। অতিরিক্ত মহাপরিচালক

৬। পরিচালক

৭। পোস্টমাস্টার জেনারেল

৮। অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল

সচিব, যুগ্মসচিব, উপসচিব, মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক, পোস্টমাস্টার জেনারেল, অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল শ্রেণীর কর্মকর্তাগণ বিভিন্ন প্রধান ডাকঘর, বিভাগীয় অফিস, উপ-ডাকঘর, সাব পোস্ট অফিস পরিদর্শন করেন। পরিদর্শন শেষে কর্মকর্তাগণ পরিদর্শন প্রতিবেদন অত্র শাখায় প্রেরণ করেন। পরিদর্শন প্রতিবেদনে কর্মকর্তাগণের উল্লিখিত পর্যবেক্ষণগুলো পরিপালনের জন্য সংশ্লিষ্ট সার্কেলে পত্র দেয়া হয়। তার প্রেক্ষিতে সার্কেলগুলো থেকে জবাব অত্র দপ্তরে প্রেরণ করে। সকল অনুচ্ছেদের কার্যক্রম সম্পন্ন হলে নথি সমাপ্ত করা হয়। এভাবে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন হয়।

#### বার্ষিক পরিদর্শনসূচি:

ডাক অধিদপ্তর হতে প্রতি বছরের ডিসেম্বর মাসের শুরুতে পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা, পোস্টমাস্টার জেনারেল, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা, পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম, পোস্টমাস্টার জেনারেল, দক্ষিণাঞ্চল, খুলনা, পোস্টমাস্টার জেনারেল, উত্তরাঞ্চল, রাজশাহী, অধ্যক্ষ পোস্টাল একাডেমি, রাজশাহী বরাবর বার্ষিক পরিদর্শনসূচি চেয়ে পত্র প্রেরণ করা হয়। উক্ত সার্কেলগুলো হতে ডিসেম্বর

মাসের শেষে বার্ষিক পরিদর্শনসূচি অনুমোদনের জন্য এ দপ্তরে প্রেরণ করা হয়। পরিদর্শনসূচি পাওয়ার পর মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন সাপেক্ষে সার্কেলগুলোকে জানিয়ে দেয়া হয়। উক্ত অনুমোদিত পরিদর্শনসূচি অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করে থাকেন।

#### মাসিক মনিটরিং কার্যক্রম:

মনিটরিং কার্যক্রম পরিদর্শন শাখার একটি গুরুত্বপূর্ণ কাজ। সার্কেল অফিস হতে ক্ষয়ক্ষতি ও জালিয়াতি সংক্রান্ত মামলার মাসিক বিবরণী অত্র শাখায় প্রেরণ করা হয়। উক্ত বিবরণীতে উল্লিখিত ক্ষয়ক্ষতি, জালিয়াতি ও আত্মসাতকৃত অর্থের বিষয়টি অত্র শাখা কর্তৃক নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হয়। সকল ইউনিট অফিসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ কে এ বিষয়ে সতর্কতা অবলম্বন করে ডাক সেবা যথোপযুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা মোতাবেক সার্কেল অফিসগুলো কার্যক্রম পরিচালনা করে আসছে। সংশ্লিষ্ট বিষয়ে তথ্যসমূহ মন্ত্রণালয়কে অবহিত করা হয়।

#### পরিদর্শন শাখার কার্যক্রম:

- ০১) পরিদর্শন শাখায় পরিদর্শন/ভেরিফিকেশন প্রতিবেদন প্রাপ্তির পর পর্যালোচনা কার্যক্রম গ্রহণ করা হয়।
- ০২) পরিদর্শন শাখা হতে মাসিক/ত্রৈমাসিক বিবরণীসহ পত্রের জবাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।
- ০৩) ডাক অধিদপ্তর হতে বিভিন্ন সার্কেল/ইউনিটের বার্ষিক পরিদর্শন/ভেরিফিকেশন সূচি অনুমোদন করা হয়।
- ০৪) পরিদর্শন শাখায় পর্যালোচনাকৃত পরিদর্শন/ভেরিফিকেশন প্রতিবেদন যথাযথভাবে সংরক্ষণ করা হয়।
- ০৫) সরকারি আদেশসহ ডাক অধিদপ্তর হতে বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্রসমূহ অনুসরণ করা হয়।


### ৫.৪. তদন্ত শাখা:

#### ক। তদন্ত শাখার কার্যক্রম:

- ০১) তদন্ত শাখায় সরকারি ক্ষয়-ক্ষতি, জালিয়াতি, আত্মসাত সংক্রান্ত বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়।
- ০২) তদন্ত শাখা হতে মাসিক/ত্রৈমাসিক বিবরণীসহ পত্রের জবাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।
- ০৩) প্রশাসনিক নির্দেশ মোতাবেক তদন্ত কার্যক্রম সম্পাদন করতঃ তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়।
- ০৪) আদালতে চলমান মামলাসমূহের ক্ষেত্রে নিয়োজিত আইনজীবীকে সার্বিক সহযোগিতা করা হয়।
- ০৫) সরকারি আদেশসহ ডাক অধিদপ্তর হতে বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্রসমূহ অনুসরণ করা হয়।

মহামান্য আদালতে বিগত বছরের মামলার পরিসংখ্যান:

ক্রমিক নং	বিবরণ	অর্থ বছর					
		২০১৮-১৯	২০১৯-২০	২০২০- ২১	২০২১-২২	২০২২-২৩	২০২৩-২৪
০১	রিট পিটিশন	১৯২	২২১	১৬৬	১৫২	১১২	১১৮
০২	কনটেম্পট পিটিশন	৭৭	১৫২	৯২	৮০	৪১	৪২
০৩	আপীল পিটিশন	১৩	২৬	২৭	৪১	৪৫	২১
০৪	রিভিউ পিটিশন	০৩	০৪	০৬	০৬	০৯	০০
০৫	প্রশাসনিক ট্রাইবুনাল	৪১	৫৪	৬৪	৬৫	৫৪	৫৩
০৬	প্রশাসনিক আপীল ট্রাইবুনাল	৩০	৪০	৪৬	৪৯	৬০	৬১
০৭	ফৌজদারী	৪২	৪৪	৪৭	১৭২	১৭৮	১৮০
০৮	দেওয়ানী	৫৬	৬১	৬৭	১১০	১০২	১০২
০৯	পিডিআর এ্যাক্ট- ১৯১৩ মামলা	-	-	-	-	০২	০২
সর্বমোট মামলা		৪৫৪	৫৪১	৫১৫	৬৭৫	৬০১	৫৭৯
অবশিষ্ট মামলা		৪২৪	৪৫৪	৫৪১	৬২৮	৫৪৭	৫৫৮



#### ৫.৫. বেতন ও ভাতা শাখা

বাংলাদেশ ডাক বিভাগের মোট জনবলের তথ্য (৩১/১২/২৩ পর্যন্ত)	ডাক বিভাগের মোট সংস্থাপন	বিভাগীয় কর্মচারী	অবিভাগীয় কর্মচারী	মঞ্জুরীকৃত পদ	শূন্য পদ	১ম	২য়	৩য়	৪র্থ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৩১/১২/২০২৩ স্থিঃ পর্যন্ত।	৩৯,৯৫৫ (৩+৪)	১৬,৯৩৪	২৩০২১	১৬৯৩৪	৬৯৮৩	১৩৩	১০	৬৬৬৬	৩১৪২

#### ৫.৬. সরবরাহ শাখা:

- ১। কর্মচারীদের সাজ পোশাক সংগ্রহ কার্যক্রমের ব্যবস্থাপনা;
- ২। বর্ষটাইপ, সিল, স্ট্যাম্প ইত্যাদি তৈরি এবং সরবরাহের ব্যবস্থাপনা;
- ৩। পুরাতন ও ক্ষয়প্রাপ্ত সিলমোহরের স্থলে নতুন সিলমোহর তৈরি করা;
- ৪। বর্ষপঞ্জিকা, কার্টুন ইত্যাদি চাহিদাপত্র সংগ্রহ ও সরবরাহের ব্যবস্থাপনা;
- ৫। সরবরাহ শাখার সাথে সম্পৃক্ত কার্যাদি সম্পাদন;
- ৬। প্রয়োজনীয়তার নিরিখে বাজেট প্রাক্কলন করা।

#### ৫.৭. প্রকাশনা শাখা:

- ১। ব্যবহার্য ফরমস, হিসাব বহি, বুকলেট, ম্যানুয়েল ছাপানো এবং সরবরাহের ব্যবস্থাপনা;
- ২। মুদ্রণের সাথে সম্পৃক্ত কার্য সম্পাদন;
- ৩। পোস্টাল প্রিন্টিং প্রেসের ম্যানেজারের কাজ তত্ত্বাবধান।

## ৫.৮ পোস্টাল প্রিন্টিং প্রেস

### পোস্টাল প্রিন্টিং প্রেস:

- ১। পোস্টাল প্রিন্টিং প্রেস ডাক বিভাগের একটি সেবামূলক উৎপাদনশীল প্রতিষ্ঠান। এটি ১৯৮০ সালে টঙ্গী, বিসিক শিল্প নগরীতে স্থাপিত হয়েছে। এর কার্যক্রম ১৯৮০-১৯৮১ খ্রিস্টাব্দ সালে চালু হয়;
- ২। পোস্টাল প্রিন্টিং প্রেসে প্রেস ম্যানেজারের একটি পদ, সহকারী প্রেস ম্যানেজারের একটি পদ, প্রিন্টিং ম্যানেজারের একটি পদ, প্রসেস ম্যানেজারের একটি পদ এবং প্রশাসনিক কর্মকর্তার একটি পদসহ রাজস্ব খাতভুক্ত ৮০ টি বিভিন্ন ক্যাটাগরির পদ রয়েছে;
- ৩। প্রেসটি মূলত ডাক বিভাগে ব্যবহৃত ১৩০ প্রকার ফরম, ৪৫ প্রকার বই/রেজিস্টার, বিভিন্ন ধরনের খাম এবং সাম্প্রতিক সময়ে দেশব্যাপী ড্রাইভিং লাইসেন্স খাম, ভূমিসেবা নিশ্চিত করার লক্ষ্যে বিশেষায়িত খাম ও মৌজা ম্যাপ এবং কভার তৈরির কাজ সম্পাদন করে থাকে;
- ৪। প্রেসটিকে আধুনিকায়ন করার লক্ষ্যে ২০১০ সালে জার্মানি থেকে নতুন মেশিনারিজ আমদানি করে স্থাপন করা হয়;
- ৫। প্রেসে মুদ্রণ কাজ, বাঁধাই কাজ এবং প্রসেস বিভাগের কাজ পরিচালনার জন্য বর্তমানে ৬টি অফসেট মেশিন, ১টি বাঁধাই মেশিন, ১টি ডাই কাটিং মেশিন, ২টি প্লেট মেকিং মেশিন এবং অন্যান্য কাজ পরিচালনা করার জন্য ৫ টি কম্পিউটার ও বারকোড মেশিন রয়েছে;
- ৬। পোস্টাল প্রিন্টিং প্রেস ডাক বিভাগের জন্য একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। এটি সরাসরি ডাক অধিদপ্তর থেকে পরিচালক (সরবরাহ ও মুদ্রণ) এর তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে।


## ৫.৯ আন্তর্জাতিক ডাক হিসাবরক্ষণ অফিস

আন্তর্জাতিক ডাক সংস্থাসমূহের সাথে হিসাব-নিকাশ এর গতি বৃদ্ধি এবং অধিকতর নির্ভুলভাবে করার মাধ্যমে আন্তর্জাতিক ডাক পরিমন্ডলের আধুনিক হিসাবরক্ষণ ব্যবস্থাপনার সাথে তাল মিলানোর উদ্দেশ্যে বিদ্যমান ম্যানুয়ালি পদ্ধতিতে হিসাব করার পরিবর্তে IPS.Post এর মাধ্যমে করা শুরু হয়েছে।

### ২০২০ সালে বৈদেশিক ডাক প্রশাসন হতে আয়ের হিসাব

১	২	৩	৪	৫	৬
Sl. No.	Country Name	Amount in SDR	Amount in USD	Amount in BDT	Included in
1	China	268,782.00	369,634.38	31,381,958.86	Jan-20
2	Hong Kong	1,748.38	2,381.78	202,213.12	Jan-20
3	Singapore	320,095.70	438,931.23	37,243,314.87	Aug-20
4	Germany	44,390.00	55,124.29	5,051,347.39	Aug-20
5	Taiwan	22,195.00	30,667.69	2,603,686.88	Aug-20
6	Greece	1,102.00	1,357.89	130,256.28	Aug-20
7	Czech Republic	973.00	1,349.37	114,628.98	Aug-20


8	Germany	14,603.00	17,970.87	1,695,752.86	Aug-20
9	Japan	78,282.00	106,603.64	9,055,979.22	Sep-20
10	South Africa	570.00	775.97	65,802.26	Sep-20
11	Vietnam	351.00	472.84	40,096.83	Sep-20
12	Bhutan	37,320.00	52,624.40	4,462,549.12	Oct-20
13	Thailand	10,431.11	14,849.10	1,259,203.68	Oct-20
14	Poland	339.00	457.76	38,818.05	Oct-20
15	Belgium	44,764.00	53,673.86	5,345,331.41	Nov-20
16	Turkey	76,073.00	107,199.62	9,090,527.78	Nov-20
17	Hong Kong	1,603.60	2,249.08	190,721.98	Dec-20
18	Switzerland	16,979.00	24,094.73	2,074,109.63	Dec-20
	Switzerland	283.00	364.11		
	Total=	940,884.79	1,280,782.61	110,046,299.20	



২০২১ সালে বৈদেশিক ডাক প্রশাসন হতে আয়ের হিসাব					
১	২	৩	৪	৫	৬
Sl. No.	Country Name	Account Name	Amount in SDR	Amount in USD	Amount in BDT
1	Portugal	3,853.00	5,413.99	459,106.35	Jan-21
2	Denmark	10,714.00	14,803.64	1,256,829.04	Jan-21
3	Sri Lanka	1,597.00	2,287.54	193,983.39	Jan-21
4	Netherlands	14,454.00	17,029.82	1,763,858.50	Jan-21
5	Japan	56,058.00	80,484.71	6,825,103.41	Mar-21
6	Thailand	6,404.00	9,210.87	781,081.78	Mar-21
7	Jersey Post				Mar-21

		572.00	806.64	68,403.07	
8	Oman	560.00	781.18	66,244.06	Mar-21
9	Germany	52,069.27	62,243.88	6,282,735.41	Apr-21
10	China	515,685.00	735,955.16	62,408,997.57	May-21
11	Hong Kong	9,823.00	13,890.46	1,177,911.01	May-21
12	UK	9,203.00	13,095.81	1,110,524.69	May-21
13	France	6,645.00	9,440.94	800,591.71	May-21
14	Philippine	1,955.00	2,862.33	242,725.58	May-21
15	South Korea	64,170.00	92,559.44	7,849,040.51	May-21
16	Indonesia	6,741.00	9,593.65	813,541.52	Jun-21
17	Pakistan	14,801.00	21,346.52	1,810,184.90	Jun-21
18	India	83,001.00	117,366.53	9,999,628.36	Sep-21
19	China	403,165.00	569,244.95	48,271,971.76	Nov-21
20	Malaysia	66,895.00	94,679.17	8,118,738.83	Nov-21
21	Jersey	632.00	887.24	76,125.19	Nov-21
22	Bhutan	5,240.00	7,258.26	622,758.71	Dec-21
	<b>Total=</b>	<b>1,334,237.27</b>	<b>1,881,242.73</b>	<b>161,000,085.35</b>	

## INCOME FROM INTERNATIONAL POSTAL SERVICE- 2021




### ২০২২ সালে বৈদেশিক ডাক প্রশাসন হতে আয়ের হিসাব

Sl. No.	Country Name	Account Name	Amount in SDR	Amount in USD	Amount in BDT
1	Germany	CN52 (2020-2022)	27,211.42	34,231.28	33,69,412.28
2	Nepal	CN52 (2005-13 & 2013-19)	9,392.00	10,922.62	10,26,180.15
3	Poland	EMS (2020)	175.00	211.69	20,322.24
4	Poland	EMS [2017 & 2018(sup)]	290.00	397.45	33,703.76
5	Isreal	CN52 (2020-2021)	167.00	213.48	20,707.56
6	Saudi Arabia	EMS (2018-2020)	46,686.00	60,266.02	59,06,069.96
7	Thailand	CN52 (2019-3rd Q 2021)	2,868.00	3,687.42	3,61,367.16

8	Nepal	EMS (2016-2019)	615.00	779.27	76,368.46
9	Tonga	CN64(2020), 24,144.00 CHF	18,649.00		
10	Maldives	Money Order, 49,850.00 CHF	50,000.00		
11	Saudi Arabia	CN52 (2015-17 & 2018), 1,80,217.56 CHF	1,49,892.70	3,81,209.39	3,81,20,939.00
12	Maldives	Money Order, 47,650.00 CHF	50,000.00		
13	Maldives	Money Order, 50,765.00 CHF	55,000.00		
14	Oman	CN52 (2012-2021)	2,941.82	3,905.86	3,94,491.86
15	UPU	Refund of unsold 2588 pieces IRC	1,915.12	2,435.07	2,63,010.45
16	Germany	CN52 (2020-2021)	13,245.86	16,521.59	17,93,560.68
17	Denmark	CN52 (2020-2022)	1,748.16	2,327.49	2,35,076.49
18	Jersey	CN64 (2021)	730.00	972.59	99,204.18
19	Japan	CN52 (2019-2022 Q2)	24,359.00	32,801.34	34,27,740.03
		<b>Total=</b>	<b>4,55,886.08</b>	<b>5,50,882.56</b>	<b>5,51,48,154.26</b>


## INCOME FROM INTERNATIONAL POSTAL SERVICE 2022



## ২০২৩-২০২৪ সালে বৈদেশিক ডাক প্রশাসন হতে আয়ের হিসাব

Sl. No.	Country Name	Account Name	Amount in SDR	Amount in USD	Amount in BDT
1	Qatar	CN52 (2019-2022)	2,348.21	3,135.72	3,22,979.16
2	Sri Lanka	CN52 (2019-2021)	163.00	199.35	21,131.10
3	Israel	CN64 (2018)	101.00	134.54	14,261.24
4	Jersey	CN64 (2022)	536.00	720.70	78,556.30
5	Poland	CN64 (2021-2022)	1,743.00	2,265.09	2,50,292.45
6	Germany	CN52(2021-2023)	9,255.44	11,369.62	13,49,991.16
7	Mauritius	CN52(2016-2023)	2,215.00	2,953.24	3,25,594.71
8	Oman	CN52(2002-2016)	15,131.00	20,248.56	22,27,341.60
9	India	CN52(2019-2022)	1,65,509.94	220,502.27	2,42,55,249.70
10	Germany	CN52(2022-2023)	19,453.38	23,757.98	28,53,285.88
11	Switzerland	CN52(2021-2023)	15,420.56	20,302.11	22,33,232.10
12	Oman	CN52(2002-2022)	10,177.00	13,427.04	14,76,974.40
13	UK	CN52(Oct/23-Feb/24)	2,670.00	3,526.02	3,87,862.20
		<b>Total=</b>	<b>2,44,723.53</b>	<b>3,22,542.24</b>	<b>3,57,96,752</b>

## Sales



৫.১০.মেইল শাখা

মেইল শাখা	সার্কেলভিত্তিক তুলনামূলক বিবরণী	জিইপি					
		সাল	মেট্রোপলিটন সার্কেল	সেন্ট্রাল সার্কেল	খুলনা সার্কেল	রাজশাহী সার্কেল	চট্টগ্রাম সার্কেল
		২০১৯-২০	৪,৬৭,৯১৭	১,০০,৭৪৯	৪,২৬,৩২৪	৩,৪১,৭১৭	১৩,৯০,৮৭
		২০২০-২১	৪,৫৫,৩১৩	১,০৪,৯৫০	৩,৮৭,৫৩৫	৩,০৬,১৯৩	১,৪১,৩৭২
		২০২১-২২	৫,২৪,৫৪০	১,২৪,৫৯৮	৪,১৭,৯০২	২,৭৫,৪০৪	১,২৮,৪৯০
		২০২২-২৩	৩,৪৩,৬৮৮	১,৯০,৯৬৭	৬,২৯,৮৮৯	৩,৯১,৫০৪	১,৫৯,৮৫৫
		২০২৩-২৪	৮৫২৪৭৬	২৫৪২১১	৬২৯৬৮৭	৩৬৫৭২৫	১৬৬৮১৫
		<b>রেজিস্ট্রি ডাক (পত্র)</b>					
		সাল	মেট্রোপলিটন সার্কেল	সেন্ট্রাল সার্কেল	খুলনা সার্কেল	রাজশাহী সার্কেল	চট্টগ্রাম সার্কেল
		২০১৯-২০	২৯,৯৫,৭১৭	৭,০৫,৭১৯	১৩,২৪,৮৬৯	১৩,৯৮,৩৭৮	১৯,২৫,৬৮৭
		২০২০-২১	২২,৭৬,২১৬	১০,০৩,২৭৬	১১,৯১,৯৬৪	১০,৪৬,৩৬৭	১৮,৪২,৮৭৩
		২০২১-২২	২৪,৮৫,৯২৭	১১,৯৯,৬৫৪	১৩,০৭,৫৮৪	১২,৩৯,৫২৪	২১,৩৩,৯৭২
		২০২২-২৩	২৯,৭৩,৪৪৬	১১,০১,৩২০	১৯,৬১,৩২৬	১৪,৭৬,১৭৯	১৬,২৭,২১৬
		২০২৩-২৪	২৮,১৪,৪৪৫	৭,৬২,৪৬৪	১৬,৮৭,৮২৭	১৩,৩১,৮১৫	১৬,৫৬,৮২৫
		<b>সাধারণ ডাক</b>					
		সাল	মেট্রোপলিটন সার্কেল	সেন্ট্রাল সার্কেল	খুলনা সার্কেল	রাজশাহী সার্কেল	চট্টগ্রাম সার্কেল
		২০১৯-২০	৬৯,৪৪,৩৪০	৩০,০৮,৬৬৮	৪২,৬৬,৪৪৪	৫৩,৭৮,১০০	৮৯,৬১,৯৯২
		২০২০-২১	৭৫,০০,৫৬৮	৩১,৪৭,৯৮৯	৪৪,৩৪,৮২৩	৪৫,৭৬,৪২০	৪৮,০৯,২০৫
		২০২১-২২	১,০০,৭১,৫৬৮	২৮,০৩,২১৬	৫০,৪৫,০৪০	৪৯,৮৭,৮৪০	৩৩,৪৪,৩৮০
		২০২২-২৩	১,১৯,১৯,২৫৫	১৭,৭০,০০৩	২৬,৮০,৩৪৮	২৭,৮৮,৯০৭	৩১,২২,৫৮৯
		২০২৩-২৪	১,২৯,০২,১৮৯	১৯,১৫,৯৬৮	২৯,০১,৩৮৬	৩০,১৮,৮৯৭	৩৩,৮০,০৯৭

## ৫.১১. আই পি এস শাখা:

### আন্তর্জাতিক ডাক ব্যবস্থাপনা

আন্তর্জাতিক ডাক ব্যবস্থাপনা একটি জটিল বিষয়। কিভাবে পত্র আদান প্রদান করা হয় কিংবা কিভাবে শুল্ক নির্ধারণ হয় তা জানা আবশ্যিক।

(ক) ডাক অধিদপ্তরের আন্তর্জাতিক এক্সচেঞ্জ অফিস  
আছে মোট ৩ টি

১. এপিএসও (এয়ারপোর্ট সার্টিং অফিস)
২. বৈদেশিক ডাকঘর, ঢাকা
৩. বৈদেশিক ডাকঘর, চট্টগ্রাম



(খ) আকাশ পথে (outgoing and incoming) এর এক্সচেঞ্জ অফিস ২ টি।

১. এপিএসও এবং
২. বৈদেশিক ডাকঘর, ঢাকা

(গ) জলপথের (outgoing & incoming)  
একমাত্র এক্সচেঞ্জ অফিস বৈদেশিক ডাকঘর, চট্টগ্রাম।



এক্সচেঞ্জ অফিস এর কাজ:

এক্সচেঞ্জ অফিস এর কাজসমূহকে দু ভাগে ভাগ করা যায়।



### Outgoing এর ক্ষেত্রে:

নিজ দেশের ডাকদ্রব্যের তথ্য সফটওয়্যারে ইনপুট দিয়ে কাস্টমসের কাছে উপস্থাপন করা এবং কাস্টমসের সবুজ সংকেত পাওয়ার পর সরাসরি গন্তব্য দেশ বা ট্রানজিট দেশের নামে ব্যাগ বন্ধন করে ১. আকাশ বা ২. জল পথে পাঠানো।

### Incoming এর ক্ষেত্রে:


সফটওয়্যারে তার নামে (এক্সচেঞ্জ অফিস) আসা ব্যাগের তথ্য, ব্যাগ কর্তন করে ডাক দ্রব্য এর তথ্য ইনপুট দিয়ে কাস্টমসের কাছে উপস্থাপন করে। কাস্টমস নির্ধারণ করে থাকে কোন দ্রব্য এ্যাসেসম্যান্ট হবে কোনটা হবে না।

### শুল্ক নির্ধারণের অফিস ৩ টি

১. বৈদেশিক ডাকঘর, ঢাকা।
২. বৈদেশিক ডাকঘর, চট্টগ্রাম এবং
৩. বৈদেশিক ডাকঘর, সিলেট।

এপিএসও শুল্ক নির্ধারণের অফিস নয় এবং বৈদেশিক ডাকঘর, সিলেট এক্সচেঞ্জ অফিস না। বৈদেশিক ডাকঘর, ঢাকা এবং বৈদেশিক ডাকঘর, চট্টগ্রাম একই সাথে এক্সচেঞ্জ অফিস ও শুল্ক নির্ধারণের অফিস। এপিএসও C

দিয়ে শুরু ট্র্যাকিং নাম্বার ভিন্ন অন্যান্য সকল ডাকদ্রব্যের ব্যাগের তথ্য সফটওয়্যারে ইনপুট দেয়, ব্যাগ কর্তন করে দ্রব্যের তথ্য সফটওয়্যারে ইনপুট দিয়ে কাস্টমসের কাছে উপস্থাপন করে। এরপর কোন দ্রব্য পরিমাপযোগ্য এবং কোনটা পরিমাপযোগ্য না তা নির্ধারণ করা। পরিমাপযোগ্য দ্রব্য শুল্ক নির্ধারণের জন্য



(ordinary, R দিয়ে ও E দিয়ে শুরু ট্র্যাকিং দ্রব্য) জুরিসডিকশন অনুযায়ী বৈদেশিক ডাকঘর, ঢাকা, চট্টগ্রাম ও সিলেটে পাঠায়। অপরিমাপযোগ্য দ্রব্য (ordinary, R দিয়ে ও E দিয়ে শুরু ট্র্যাকিং দ্রব্য) সরাসরি অথবা M&SO এর মাধ্যমে বিলি অফিসে পাঠিয়ে থাকে। এপিএসও C দিয়ে শুরু ট্র্যাকিং দ্রব্যের ব্যাগ কোনো প্রকার কর্তন/সফটওয়্যারে ইনপুট না দিয়ে চালানোর মাধ্যমে সরাসরি বৈদেশিক ডাকঘর, ঢাকায় প্রেরণ করে থাকে। এপিএসও হতে সরাসরি বিলি অফিসে পাঠানোর ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষ সাধারণত ১০ ডলারের কম মূল্যমানের ডাক দ্রব্যকে বাছাই করে থাকেন (পত্র/পন্য যাই হোক)। এয়ারপোর্ট সার্টিং অফিস (এপিএসও) প্রান্তে কোন প্রকার এসেসমেন্ট হয় না।

২০২৩-২৪ অর্থবছরে আন্তর্জাতিক ডাক সার্ভিসের পরিসংখ্যানঃ

অর্থ বছর	সেবার ধরণ	আউটব্যান্ড সংখ্যা	আর্টিকেলের সংখ্যা	ইনব্যান্ড আর্টিকেলের সংখ্যা
২০২৩-২৪	ইএমএস	৩২,৯৭৪		৩৫,৪১২
	পার্সেল	২২,৮৬৯		৩৮,৬৫৫
	রেজিস্ট্রি লেটার	৩২,৪৭২		২,১০,৩৫৬
	অর্ডিনারি	৩,০৫,৪২৮		৪,৯৯,১৫২
	ই-কমার্স			৩,৮৮,৪০৫
	মোট	৩,৯৩,৭৪৩		১১,৭১,৯৮০

### ইএমএস কাস্টমার সার্ভিস এওয়ার্ড অর্জন

বাংলাদেশ পোস্ট প্রথমবারের মতো ইউপিইউ কর্তৃক ইএমএস এর কাস্টমার সার্ভিস এওয়ার্ড ২০২২ লাভ করে। ইউপিইউ ইএমএস এর কাস্টমার সার্ভিস রেসপন্স কোয়ালিটির উপর ভিত্তি করে প্রতি বছর এই এওয়ার্ড প্রদান করে থাকে। বাংলাদেশ ডাক বিভাগ ২০২২ সালে কাস্টমার সার্ভিস রেসপন্স কোয়ালিটিতে ৯৫% নম্বর পেয়ে গোল্ড ক্যাটাগরিতে এই এওয়ার্ড লাভ করে। উক্ত পারফরমেন্সের ধারাবাহিকতায় ২০২৩ সালেও ইএমএস কাস্টমার সার্ভিস এওয়ার্ড লাভ করে বাংলাদেশ পোস্ট।

### গ) অনলাইন কাস্টমস ডিক্লারেশন সিস্টেম চালুকরণ

বিদেশে প্রেরিতব্য ডাক-দ্রব্যের অনলাইন কাস্টমস ডিক্লারেশন সিস্টেম চালু করা হয়। বর্তমানে অনলাইনে কাস্টমস ডিক্লারেশন হার প্রায় ৯০%। অনলাইন সিস্টেমে অটোমেটিক কাস্টমস ডিক্লারেশন ফরম জেনারেট করা যায় যার ফলে ডাক-দ্রব্যের শুল্কায়ন প্রক্রিয়া দ্রুততর হচ্ছে এবং গ্রাহক ভোগান্তি হ্রাস পাচ্ছে।

### ঘ) আন্তর্জাতিক আর্টিকেল ইস্যু ও বিলির জন্য ips.post ও ips.post local সফটওয়্যার প্রণয়ন।

৮০% আন্তর্জাতিক আর্টিকেল ইস্যু ও বিলি কার্যক্রম ips.post ও ips.post local সফটওয়্যারের মাধ্যমে করা হয়েছে।

### ঙ) আন্তর্জাতিক ডাকমাশুল ক্যালকুলেটর তৈরি।

আন্তর্জাতিক ডাক সেবাসমূহের ডাকমাশুল সহজে হিসাব করার জন্য আন্তর্জাতিক ডাকমাশুল ক্যালকুলেটর তৈরি করা হয়েছে। ফলে গ্রাহকগণ খুব সহজেই আন্তর্জাতিক ডাকের ডাকমাশুল হিসাব করতে পারেন।

### ৯ অক্টোবর ২০২৪ খ্রিঃ বিশ্ব ডাক দিবস উদযাপন

প্রতিবছরের ন্যায় ২০২৪ সালেও ডাক অধিদপ্তর ও ডাক অধিদপ্তরের আওতাধীন প্রতিটা ইউনিট অফিসে দেশব্যাপী ডাক দিবস পালন করা হয়। ডাক দিবস উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালি, পত্রলিখন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ এবং ডাক অধিদপ্তর ও সার্কেলসমূহের শ্রেষ্ঠ কর্মচারীদের পুরস্কার প্রদান করা হয়। এছাড়া ডাক দিবস-২০২৪ উপলক্ষ্যে বাংলাদেশ বেতারে বিশেষ অনুষ্ঠান প্রচার করা হয়।



৯ অক্টোবর ২০২৪ খ্রিঃ বিশ্ব ডাক দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান

### ৫.১২ স্ট্যাম্পস শাখা

(কোটি টাকায়)

২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই/২৩ হতে জুন/২৪ পর্যন্ত সরবরাহকৃত নন-পোস্টাল এর অভিহিত মূল্যমান		
স্ট্যাম্পসের নাম	পরিমাণ	মূল্যমান
নন-জুডিশিয়াল স্ট্যাম্পস	১৪১২৯০০০০ পিস	৮৬৪০৪৫০০০০
কপি স্ট্যাম্পস	১৫২৭০০০০ পিস	৩০৫৪০০০০
রাজস্ব স্ট্যাম্পস	১১৩৯০০০ সিট	২২৭৮০০০০০০
এডহেসিব কেট ফি	২৫৮৯৫০০ সিট	৫১৫৮৮০০০০
বিশেষ আঠালো স্ট্যাম্পস	৮৯১৫০ সিট	২৮৪৬০০০০০০
ইমপ্রেসড কোর্ট ফি	৯০৪৫০০ পিস	১৪৭৪৮৯৫০০০
বৈদেশিক বিল স্ট্যাম্পস	১৫০০ সিট	৩০০০০০০০
যানবাহন জরিমানা ২৩-২৪	৫০০০ সিট	৯০০০০০০০
বীমা স্ট্যাম্পস	৬৫৭০০ সিট	৭৭০২০০০০০
বিড়ি ব্যান্ডরোল	৪৭৪৭৫০০ সিট	৪৬১৪৫৭০০০০
দলিল প্রমাণক	০ সিট	০

মোট=	২১২৯০৫৩৫০০০
------	-------------

**বন-পোস্টাল স্ট্যাম্পস এর রাজস্ব আয়ের পরিমান ও ডাক বিভাগের কমিশনঃ**

ক্রমিক নং	অর্থ বছর	মোট অভিহিত মূল্য	কমিশন (৩%)
০১	২০১৯-২০	১৪৫২,৭০,৩৮,৬০০/-	৪৩,৫৮,১১,১৫৮/-
০২	২০২০-২১	১৫৮২,৬৬,৬০,১৬০/-	৪৭,৪৭,৯৯,৮০৫/-
০৩	২০২১-২২	১৮১৫,৭৪,৬৫,৮৪০/-	৫৪,৪৭,২৩,৯৭৫/-
০৪	২০২২-২৩	২০৭৫,৪০,৮৭,২০০/-	৬২,২৬,২২,৬১৬/-
০৫	২০২৩-২৪	২১২,৯০,৩৫,০০০/-	৬৩,৮৭,১৬,০৫০/-

**৫.১৩ ফিলাটেলি শাখা**

১৮৪০ সালে গ্রেট ব্রিটেনে পোস্টেজ স্ট্যাম্প প্রথম প্রবর্তিত হয় যা ডাক সার্ভিসের ইতিহাসে একটি মাইল ফলক। যদিও ডাকটিকিট প্রবর্তিত হয় পোস্টাল রাজস্ব সংগ্রহের জন্য, কিন্তু তখন থেকেই ডাকটিকিট সংগ্রহ একটি শখে পরিণত হয়। বয়সভেদে ফিলাটেলির উপর এই সংগ্রহ “শখের রাজা” হিসাবে গণ্য হয়। বর্তমানে ফিলাটেলি একটি বাণিজ্যিক পণ্য হিসাবে পৃথিবীব্যাপী গণ্য হয়েছে। ব্যাংক নোটের মত ডাকটিকিটও স্বাধীন দেশের সার্বভৌমত্বের প্রতীক।

আমাদের মহান মুক্তিযুদ্ধকালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সাময়িক সরকার ৮টি ডাকটিকিটের একটি সেট ২৯ জুলাই ১৯৭১ সালে আন্তর্জাতিক সমর্থন আদায়ের জন্য প্রকাশ করে। মুক্তিযুদ্ধ শেষে ১৬ই ডিসেম্বর ১৯৭১ এর পর প্রথম স্মারক ডাকটিকিট ২১ ফেব্রুয়ারী ১৯৭২, প্রকাশিত হয় ১৯৫২ সালের মহান ভাষা আন্দোলনের জন্য “শহীদ মিনার” ছবিসহ। তারপর বাংলাদেশ ডাকবিভাগ অবিরাম নির্দিষ্ট স্মারক ডাকটিকিট প্রকাশ করে চলছে জাতীয় ও আন্তর্জাতিক ঘটনা, উত্তরাধিকার ও সংস্কৃতির উপর।

**২০২৩-২৪ অর্থবছরে ফিলাটেলি শাখার কার্যক্রমঃ**

ক্রমিক নং	বিষয়	সংখ্যা
০১	স্মারক ডাকটিকিট	১২
০২	সুভেনির শিট	০৩
০৩	এলবাম	০২

০৪	জাতীয় পর্যায়ে স্মারক ডাকটিকিট প্রদর্শনী	০৩
০৫	আন্তর্জাতিক স্মারক ডাকটিকিট প্রদর্শনী	০১

### ৫.১৪ হিসাব শাখা

#### বিগত বছর সমূহের রাজস্ব ব্যয়

(কোটি টাকায়)

#### বিগত বছর সমূহের রাজস্ব ব্যয়

(কোটি টাকায়)

শ্রেণি	২০২৩-২৪	২০২২-২৩	২০২১-২২	২০২০-২১	২০১৯-২০
বেতন ব্যয়	২২৬.৯৮	২২৪.৮২	২৩০.৫১	২৫২.৪৭	২৫৩.৯৮
ভাতা	২০৪.৫৪	১৯০.১৭	২১১.২০	১৮৪.৫৭	১৮৫.১২
সরবরাহ ব্যয়	১৯২.১৮	১৭৭.৩৬	১৭৭.১৮	১৬৯.৪০	১৭২.৩৫
রক্ষণাবেক্ষণ ব্যয়	৯.৬৬	৬.২৩	৫.৭১	৭.৯২	৯.৭৮
কল্যাণ ব্যয়	১.২৬	০.৯২	০.৯৮	০.৯১	০.৮৯
আন্তর্জাতিক সংস্থার চাঁদা	২.৫৯	১.৭৫	১.৭৭	১.৯৫	১.৪৮
পেনশন ও আনুতোষিক ব্যয়	৩৫৫.৬০	৩৩১.২১	৩০১.৪৮	২৮৬.০৪	২৫৯.০২
সম্পদ ক্রয়	৪.৯৬	৩.৫৫	৩.৩৭	২.৯৬	২.৫৩
আন্তর্জাতিক ডাক প্রশাসনের ব্যয়	১৯.০৫	১৭.৯৯	২.১৫	১.৩৫	৪.২০
মোট ব্যয়	১০১৬.৮২	৯৫৪.০০	৯৩৪.৩৫	৯০৭.৫৭	৮৮৯.৩৫

#### বিগত বছর সমূহের রাজস্ব আয়

(কোটি টাকায়)

শ্রেণি	২০২৩-২৪	২০২২-২৩	২০২১-২২	২০২০-২১	২০১৯-২০
স্ট্যাম্পস বিক্রয় বাবদ	২০.৬৭	২০.৭১	২১.৩৭	১৬.২৪	২০.০০
সার্ভিস স্ট্যাম্পস বিক্রয় বাবদ	৬.২০	৫.৬০	৮.০১	৭.৭৩	৮.৭৭
নগদ আদায়কৃত ডাকমাশুল বাবদ	৩৪.৯০	২৬.৬৫	২৫.৬৭	২৫.২১	১৮.১৯
মানি অর্ডার ও পোস্টাল অর্ডার কমিশন বাবদ	০.৭৯	১.৭৯	১.৪১	২.১৫	২.৩৭
পোস্টাল ক্যাশ কার্ড কমিশন বাবদ	০.০১	০.০০	০.০৪	০.১২	০.০৩
নগদ হতে প্রাপ্ত আয়	৫.৫১	৪.৫০	৩.৩২	১.১২	০.০০
বৈদেশিক ডাক প্রশাসন হতে প্রাপ্ত	৩.৫৮	৫.৫১	৭.৩২	১৭.২৪	৮.৩৯
এজেন্সী সার্ভিস হতে প্রাপ্ত	১২৭.৭৯	১২৫.৭৭	১৪৭.৫০	২৩৬.৪২	৩৮০.৬৮
অন্যান্য সার্ভিস হতে প্রাপ্ত	১৮.৬৮	১১.০৫	১৫.৪১	১১.৯২	১৩.৩৭
মোট আয়	২১৮.১৩	২০১.৫৮	২৩০.০৫	৩১৮.১৫	৪৫১.৮০

## ৫.১৫ প্রশাসন শাখা

স	কর্মরত জনবল	মোট	পুরুষ	মহিলা	সর্বমোট
			৮৫	২৭	১১২
২	প্রশাসনিক কার্যক্রম বিভাগকে আধুনিকীকরণে গৃহীত পদক্ষেপসমূহ	ডাক	<p>(১) Digital Attendance System এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণ, বিদ্যুৎ সশ্রয় এবং মানবসম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করা;</p> <p>(২) ডাক অধিদপ্তরের টেলিফোন নির্দেশিকা হালনাগাদকরণের জন্য “Postal Telephone Guide” প্রবর্তনের উদ্যোগ নেয়া;</p> <p>(৩) যথাসময়ে বিভাগীয় পদোন্নতি কমিটির মাধ্যমে পদোন্নতি নিশ্চিত করাসহ চাকরি বিধিমালা অনুসরণ করা;</p> <p>(৪) সকল নথি ই-নথির আওতায় আনা এবং কর্মচারীদের বিভিন্ন প্রকার প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ শাখাসহ অন্যান্য শাখায় পত্র লেখা;</p> <p>(৫) মানসম্পন্ন লাইব্রেরী স্থাপন;</p> <p>(৬) পোস্টাল মিউজিয়াম স্থাপন;</p>		

## ৫.১৬ জনসংযোগ ও কল্যাণ শাখা

ক্রমিক নং	কাজের ধরণ	কাজের বিবরণ
১।	কল্যাণ ও চিকিৎসা বিষয়ক	<p><b>কল্যাণ তহবিল হতে অনুদানঃ</b></p> <p>ক) চাকুরীরত অবস্থায় কোন কর্মচারীর মৃত্যুজনিত/স্থায়ীভাবে অক্ষমতাজনিত কারণে অনুদান প্রদান।</p> <p>খ) দাফন কাফন ও অন্ত্যেষ্টিক্রিয়া জনিত আর্থিক সাহায্য।</p> <p>গ) কর্মচারী কল্যাণ বোর্ডের কল্যাণ তহবিল হতে মাসিক কল্যাণ ভাতা ও যৌথবীমার এককালীন অনুদানের আবেদন প্রেরণ।</p> <p>ঘ) সাধারণ/জটিল রোগে আক্রান্ত কর্মচারীদের আর্থিক সাহায্যের জন্য কর্মচারী কল্যাণ বোর্ডে প্রেরণ।</p> <p>ঙ) ডাক বিভাগের কর্মচারীদের চিকিৎসা সংক্রান্ত আর্থিক সাহায্যের আবেদন প্রধানমন্ত্রীর দপ্তরে প্রেরণ।</p> <p>চ) কর্মচারীদের ক্রীড়া বিষয়ে আর্থিক অনুদান।</p>

		<p>ছ) কর্মচারীদের বনভোজনে আর্থিক অনুদান।</p> <p>জ) মসজিদের ইমাম ও কর্মচারীদের বেতন ও বোনাস প্রদান।</p>
২।	টেলিফোন বিষয়ক	<p>ক) ৯ম গ্রেড/সমমান ও তদুর্ধ্ব কর্মকর্তাদের প্রাধিকার ভিত্তিতে টেলিফোন লাইন সংযোগ ও নগদায়নের অনুমতি প্রদান।</p> <p>খ) টেলিফোন লাইন স্থানান্তর ও নতুন সংযোগ।</p> <p>গ) আবাসিক ও দাপ্তরিক টেলিফোন বিল প্রদান।</p>
৩।	সংসদ সংক্রান্ত	<p>ক) জাতীয় সংসদের চাহিদা মোতাবেক ৩০০ আসনের সংসদ সদস্যদের বিভিন্ন প্রশ্নোত্তর বিভিন্ন শাখা হতে সংগ্রহপূর্বক প্রস্তুত করে প্রেরণ করা।</p> <p>খ) স্থায়ী কমিটির চাহিদার প্রেক্ষিতে তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।</p>
৪।	ইউনিয়ন বিষয়ক	<p>ক) পোস্ট অফিসের কর্মচারী ইউনিয়নসমূহের দাবী নিয়ে আলোচনা।</p> <p>খ) ইউনিয়ন কর্মচারী ইউনিয়ন সংক্রান্ত বিষয়াদি আলোচনা।</p>
৫।	লাইব্রেরী বিষয়ক	<p>ডাক অধিদপ্তরের প্রায় ৫০০০ বই সংরক্ষিত রয়েছে। সংরক্ষিত বইয়ের মধ্যে ডাক বিভাগীয় ভলিউম রয়েছে। ডাক অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞানের পরিধি বিকশিত ও সমৃদ্ধশালী করার জন্য সপ্তাহে ২দিন (সোমবার ও বুধবার) খোলা রাখার ব্যবস্থা করা হয়েছে। কর্মকর্তাদের চাহিদার ভিত্তিতে বইগুলি সাময়িক সময়ের জন্য বিতরণ করা হয়ে থাকে। বর্তমানে সংরক্ষিত বইগুলির ব্যবস্থাপনার কাজ চলমান রয়েছে।</p>
৬।	গাড়ী বিষয়ক	<p>ডাক অধিদপ্তরের জনসংযোগ ও কল্যাণ শাখার নিয়ন্ত্রণাধীন পরিবহন পুর্বে সংযুক্ত গাড়ীসমূহ দ্বারা ডাক অধিদপ্তরের কর্মকর্তাদের অফিসে আনা নেয়া করা হয়। বিভিন্ন শাখার সরকারী কাজের স্বার্থে জরুরীভিত্তিতে চাহিদা মোতাবেক মন্ত্রণালয়, কোর্ট ও বিভিন্ন দপ্তরে গাড়ী দিয়ে ডিউটি করা হয়। লাইনভিত্তিক অফিসে কর্মকর্তাদের গাড়ী দিয়ে যাতায়াতের ব্যবস্থা করা।</p>

## ৫.১৭ সঞ্চয় শাখা

বাংলাদেশ ডাক বিভাগের ব্যাংকিং নেটওয়ার্ক দেশের প্রত্যন্ত অঞ্চলেও ব্যাংকিং সুবিধা পৌঁছে দেয়। এ সেবা প্রায় এক শতাব্দী আগে চালু করা হয়। বিভিন্ন ধরনের পোস্টাল সেভিংস অ্যাকাউন্ট আছে যা আকর্ষণীয় সুবিধা প্রদান করে।

ক্রমিক নং	এজেন্সী কার্যের বিবরণ	কমিশনের হার
১.	সঞ্চয় ব্যাংকঃ	
	(ক) সঞ্চয় ব্যাংক সাধারণ হিসাব	প্রতি লেন-দেন ২/- টাকা।
	(খ) সঞ্চয় ব্যাংক মেয়াদী হিসাবঃ	জমার উপর = .০৫% টাকা।
২.	সঞ্চয়পত্র	জমার উপর = ০.০৫% টাকা।

### সাধারণ অ্যাকাউন্টঃ

মুনাফার হার	৭.৫%(সাধারণ হার)
সর্বোচ্চ সীমা	এককভাবে ১০ লক্ষ ও যৌথভাবে ২০ লক্ষ পর্যন্ত
যে বিনিয়োগ করতে পারবে	বাংলাদেশের যে কোন শ্রেণী বা পেশার সাবালক নাগরিক/নাবালকের পক্ষে
প্রয়োজনীয় দলিল	ছবি,জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট /নাগরিকত্ব সনদ /জন্ম নিবন্ধন, নমিনীর ছবি ২ কপি

### মেয়াদী অ্যাকাউন্টঃ

মুনাফার হার	১১.২৮%
সর্বোচ্চ সীমা	এক নামে ১০ লক্ষ ও যৌথ নামে ২০ লক্ষ ( মেয়াদান্তে ১৫,০০০০০ পর্যন্ত ১১.২৮%, ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ পর্যন্ত ১০.৩০%, ৩০,০০,০০১ টাকা হতে তদুর্ধ্ব ৯.৩০%। সূত্র অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ).৪৭, তারিখ: ২১.০৯.২০২১ খ্রিঃ) (স্বয়ংক্রিয়ভাবে উর্ধ্বসীমা পর্যন্ত মুনাফাসহ পুনঃ বিনিয়োগ হবে।)

যে বিনিয়োগ করতে পারবে	বাংলাদেশের যে কোন শ্রেণী বা পেশার সাবালক নাগরিক। নাবালকদের পক্ষে অ্যাকাউন্ট খোলা সম্ভব।
প্রয়োজনীয় দলিল	ছবি,জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট /নাগরিকত্ব সনদ /জন্ম নিবন্ধন,নমিনীর ছবি ২ কপি।

#### সঞ্চয়পত্র

৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রঃ

পরিমাণ	মূল্যমান—১০,১৫,১০০,৫০০,১০০০,৫০০০,১০০০০,২৫০০০,৫০০০০, ১০০০০০,৫০০০০০,১০০০০০০
মুনাফার হার	১১.২৮%(পরিপক্বতার পর ৫৩,৫৮০ টাকা তবে মেয়াদান্তে ১৫,০০০০০ পর্যন্ত ১১.২৮%, ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ পর্যন্ত ১০.৩০%, ৩০,০০,০০১ টাকা হতে তদুর্ধ্ব ৯.৩০%।সূত্র অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ).৪৭, তারিখ: ২১.০৯.২০২১ খ্রিঃ)
সর্বোচ্চ সীমা	এককভাবে ৩০ লক্ষ ও যৌথভাবে ৬০ লক্ষ
যে বিনিয়োগ করতে পারবে	<ul style="list-style-type: none"> <li>- বাংলাদেশের যে কোন শ্রেণী বা পেশার নাগরিক</li> <li>- নাবালকদের পক্ষে অ্যাকাউন্ট খোলা সম্ভব</li> <li>- আয়কর আইন ১৯৮৪ ( অংশ ২ ) , রুল ৪৯ সাব রুল ( ২ ) সংজ্ঞায়িত প্রভিডেন্ট ফান্ড এবং প্রভিডেন্ট ফান্ড আইন, ১৯২৫ প্রভিডেন্ট ফান্ড অনুসৃত</li> <li>- আয়কর অধ্যাদেশ -১৯৮৪, ষষ্ঠ পার্ট, রুল ৩৪ অনুসৃত মাছ খামার, পোল্ট্রি ফার্ম, বীজ উৎপাদন , স্থানীয় বীজ প্রচারের , দুধ উৎপাদন প্রক্রিয়াজাতকরণ কৃষি , নার্সারি প্রকল্প , ফলমূল ও শাকসবজি চাষ কৃষি যার আয় ডিসি ট্যাক্স দ্বারা প্রত্যয়িত হয়।</li> </ul>
প্রয়োজনীয় দলিল	ছবি,জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট /নাগরিকত্ব সনদ /জন্ম নিবন্ধন,নমিনীর ছবি
পরিপক্বতার সময়কাল	০৫ বছর
মুনাফা পরিশোধের সময়	পরিপক্বতার সময়কাল শেষ হলে

৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্রঃ

পরিমাণ	মূল্য—১০০০০০,২০০০০০,৫০০০০০,১০০০০০০
মুনাফার হার	১১.০৪%(প্রতি ৩ মাসে ২৪৮৪ টাকা তবে মেয়াদান্তে ১৫,০০০০০ পর্যন্ত ১১.০৪%, ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ পর্যন্ত ১০.০০%, ৩০,০০,০০১ টাকা হতে তদুর্ধ্ব ৯.০০%। সূত্র অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ).৪৭, তারিখ: ২১.০৯.২০২১ খ্রিঃ)
সর্বোচ্চ সীমা	একক নামে ৩০ লক্ষ ও যৌথ নামে ৬০ লক্ষ
যে বিনিয়োগ করতে পারবে	বাংলাদেশের যে কোন শ্রেণী বা পেশার নাগরিক
প্রয়োজনীয় দলিল	ছবি,জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট /নাগরিকত্ব সনদ /জন্ম নিবন্ধন,নমিনীর ছবি।
পরিপক্বতার সময়কাল	০৩ বছর
মুনাফা প্রদানের সময়	০৩ মাস পর

পেনশন সঞ্চয়পত্র

পরিমাণ	মূল্য—১০০০০০,২০০০০০,৫০০০০০,১০০০০০০
মুনাফার হার	১১.৭৬%(প্রতি ৩ মাসে ২৯৪০ টাকা তবে মেয়াদান্তে ১৫,০০০০০ পর্যন্ত ১১.৭৬%, ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ পর্যন্ত ১০.৭৫%, ৩০,০০,০০১ টাকা হতে তদুর্ধ্ব ৯.৭৫%। সূত্র অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ).৪৭, তারিখ: ২১.০৯.২০২১ খ্রিঃ)
সর্বোচ্চ সীমা	একক নামে ৫০ লাখ (গ্র্যাচুইটি এবং প্রভিডেন্ট ফান্ডের উপর নির্ভরশীল)
যে বিনিয়োগ করতে পারবে	বাংলাদেশী
প্রয়োজনীয় দলিল	ছবি,জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট /নাগরিকত্ব সনদ /জন্ম নিবন্ধন,নমিনীর ছবি
পরিপক্বতার সময়কাল	০৫ বছর
মুনাফা প্রদানের সময়	০৩ মাস পর

পরিবার সঞ্চয়পত্র

পরিমাণ	মূল্য –১০০০০০,২০০০০০,৫০০০০০,১০০০০০০
মুনাফার হার	১১.৫২% (মেয়াদান্তে ১৫,০০০০০ পর্যন্ত ১১.৫২%, ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ পর্যন্ত ১০.৫০%, ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব ৯.৫০%। সূত্র অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ).৪৭, তারিখ: ২১.০৯.২০২১ খ্রিঃ)
সর্বোচ্চ সীমা	একক নামে ৪৫ লক্ষ
যে বিনিয়োগ করতে পারবে	- ১৮ বছর বা তদূর্ধ্ব যে কোন বাংলাদেশী নারী - ৬৫ বছর বা তদূর্ধ্ব যে কোন বাংলাদেশী(পুরুষ বা নারী)জনগণ - যে কোন বিকলাঙ্গ বাংলাদেশী জনগণ (পুরুষ বা নারী)
প্রয়োজনীয় দলিল	ছবি,জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট /নাগরিকত্ব সনদ /জন্ম নিবন্ধন,নমিনীর ছবি
পরিপক্বতার সময়কাল	০৫ বছর
মুনাফা প্রদানের সময়	মাসিক

বিগত ০৫ বছরের সঞ্চয় ব্যাংক ও সঞ্চয়পত্রে মোট লেনদেন (কোটি টাকায়) পরিসংখ্যান নিম্নরূপঃ

(কোটি টাকায়)

অর্থ বছর	ডাকঘর সঞ্চয় ব্যাংক			সঞ্চয় পত্র			মোট লেনদেন	কমিশন
	জমা	উত্তোলন	মুনাফা প্রদান	জমা	উত্তোলন	মুনাফা প্রদান		
২০২৩-২৪	৪৭৬১.৫০	১৬৪৯১.৫৩	৬১৫৫.৫২	৬৪০৫.৪১	১৮৬৩৩.০৫	২৭৫৬.১৫	৫৫২০৩.১৬	৫.৩৮
২০২২-২০২৩	৪৮৩৯.০১	২০৪৯২.২৩	৮৬৫৮.৭১	৭০৫৪.৩৬	১৬৬৫৫.২৯	৩৪১৫.৫৭	৬১১১৫.১৭	৫.৭৪
২০২১-২০২২	৩২১৮.৫৭	১৬০০১.১৭	৫৫৬২.০৩	৯৮৫৭.৭১	২৮১১১.৭২	৬১২৯.৮৩	৬৮৮৮১.০৩	১২.৯৬
২০২০-২০২১	১৮৯৫৭.৪৩	১৪৩৬৭.৭৬	৩৯২৭.৬১	৮৮১৪.৬৮	৯১১৪.৬৭	২১৯০০.২২	৭৭০৮২.৩৭	১২৮.২১
২০১৯-২০২০	২১৬৪৭.৩৬	১০৩৪৪.৭০	২৪০১.০৪	৪০৩০.৭৫	১৭৫৭০.৭৩	৯৮৪৩.০৩	৬৫৮৩৭.৬১	১১৪.৬১

## ৫.১৮ পরিকল্পনা -১ ও ২ শাখা

“বাংলাদেশ ডাক বিভাগের অধীনস্থ জরাজীর্ণ ডাকঘরসমূহের সংস্কার/পুনর্বাসন-২য় পর্যায় (২য় সংশোধিত)”  
শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে হস্তান্তর গ্রহণকৃত ডাকঘরসমূহের তালিকা।

ক্রঃ নং	প্যাকেজ নং	ডাকঘরের নাম (জেলার নাম)	কাজের ধরন
১	৩৪	বাংলাবান্ধা সাব পোস্ট অফিস (পঞ্চগড়)	সম্প্রসারণ ও মেরামত
২	৩৬	জুড়ি উপজেলা ডাকঘর, মৌলভীবাজার	পুনঃনির্মাণ
৩	৩৭	নবাবগঞ্জ উপজেলা ডাকঘর (ঢাকা)	সম্প্রসারণ ও মেরামত
৪	৪১	গফরগাঁও উপজেলা ডাকঘর (ময়মনসিংহ)	সম্প্রসারণ ও মেরামত
৫	৪১	বারহাট্টা উপজেলা ডাকঘর (নেত্রকোনা)	সম্প্রসারণ ও মেরামত
৬	৪১	ঈশ্বরগঞ্জ উপজেলা ডাকঘর (ময়মনসিংহ)	সম্প্রসারণ ও মেরামত
৭	৪৩	রিকাবি বাজার সাব পোস্ট অফিস (মুন্সীগঞ্জ)	সম্প্রসারণ ও মেরামত
৮	৫২	রাখালিয়া সাব পোস্ট অফিস, লক্ষ্মীপুর	সম্প্রসারণ ও মেরামত
৯	৫৩	চরভাটা সাব পোস্ট অফিস, নোয়াখালী	সম্প্রসারণ ও মেরামত
১০	৫৪	ফেনী প্রধান ডাকঘর (ফেনী)	সম্প্রসারণ ও মেরামত
১১	৫৮	বরুড়া উপজেলা ডাকঘর (কুমিল্লা)	সম্প্রসারণ ও মেরামত
১২	৬০	শাহরাস্তি উপজেলা ডাকঘর (চাঁদপুর)	সম্প্রসারণ ও মেরামত
১৩	৬১	রানীনগর উপজেলা ডাকঘর (নওগাঁ)	সম্প্রসারণ ও মেরামত
১৪	৬১	মধুইল সাব পোস্ট অফিস (নওগাঁ)	পুনঃনির্মাণ
১৫	৬১	কাশিমপুর সাব পোস্ট অফিস (নওগাঁ)	সম্প্রসারণ ও মেরামত
১৬	৬১	সাপাহার উপজেলা ডাকঘর (নওগাঁ)	সম্প্রসারণ ও মেরামত
১৭	৬১	নিয়ামতপুর উপজেলা ডাকঘর (নওগাঁ)	সম্প্রসারণ ও মেরামত
১৮	৬৬	বড়াল উপজেলা ডাকঘর (পাবনা)	সম্প্রসারণ ও মেরামত
১৯	৬৭	কাজীপুর উপজেলা ডাকঘর (সিরাজগঞ্জ)	সম্প্রসারণ ও মেরামত
২০	৬৯	বাজুয়া সাব পোস্ট অফিস (খুলনা)	সম্প্রসারণ ও মেরামত
২১	৬৯	চালনাবাজার উপজেলা ডাকঘর (খুলনা)	পুনঃনির্মাণ
২২	৭৪	মহেশপুর উপজেলা ডাকঘর, ঝিনাইদহ	সম্প্রসারণ ও মেরামত
২৩	৭৭	আমঝুপি সাব পোস্ট অফিস (মেহেরপুর)	সম্প্রসারণ ও মেরামত
২৪	৭৭	দামুড়হুদা উপজেলা ডাকঘর (চুয়াডাঙ্গা)	সম্প্রসারণ ও মেরামত
২৫	৮১	হাটশশীগঞ্জ উপজেলা ডাকঘর, ভোলা	সম্প্রসারণ ও মেরামত
২৬	৮১	গজারিয়া সাব পোস্ট অফিস (ভোলা)	সম্প্রসারণ ও মেরামত
২৭	৮১	লালমোহন উপজেলা ডাকঘর (ভোলা)	সম্প্রসারণ ও মেরামত

২৮	৮২	শায়েস্তাগঞ্জ এমএল্ডএসও (হবিগঞ্জ)	সম্প্রসারণ ও মেরামত
২৯	৮৩	মৌলভীবাজার প্রধান ডাকঘর (মৌলভীবাজার)	পুনঃনির্মাণ
৩০	৮৫	সুকানপুকুর সাব পোস্ট অফিস (জয়পুরহাট)	পুনঃনির্মাণ
৩১	৮৬	শ্যামপুর সাব পোস্ট অফিস (রংপুর)	পুনঃনির্মাণ
৩২	৮৯	কুলিয়ারচর উপজেলা ডাকঘর (কিশোরগঞ্জ)	পুনঃনির্মাণ
৩৩	৯২	বেগমগঞ্জ উপজেলা ডাকঘর (নোয়াখালী)	সীমানা প্রাচীর নির্মাণ

“ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে এমন ডাকঘরসমূহের তালিকা (২০২৩-২০২৪ অর্থবছরসহ প্রকল্পের শুরু থেকে ৩০ জুন ২০২৪ পর্যন্ত)

ক্রঃ নং	ডাকঘর/অফিসের নাম	ক্রঃ নং	ডাকঘর/অফিসের নাম
১	মোহাম্মদপুর টাউন সাব পোস্ট অফিস	১১	নড়াইল প্রধান ডাকঘর
২	নরসিংদী প্রধান ডাকঘর	১২	নীলফামারী প্রধান ডাকঘর
৩	ঘোড়ামারা প্রধান ডাকঘর	১৩	নাটোর প্রধান ডাকঘর
৪	কিশোরগঞ্জ প্রধান ডাকঘর	১৪	মেহেরপুর প্রধান ডাকঘর
৫	সুনামগঞ্জ প্রধান ডাকঘর	১৫	রাজবাড়ী প্রধান ডাকঘর
৬	সদর দপ্তর ভবন ফিনিশিং কাজ	১৬	ঝিগাতলা টাউন সাব পোস্ট অফিস
৭	ময়মনসিংহ জিপিও	১৭	নোয়াখালী প্রধান ডাকঘর
৮	কুমিল্লা জিপিও	১৮	বরিশাল জিপিও
৯	শেরপুর প্রধান ডাকঘর	১৯	ফরিদপুর জিপিও
১০	যশোর প্রধান ডাকঘর		

২০২৩-২০২৪ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত তথ্য :

(লক্ষ টাকায়)

ক্র. নং	অবকাঠামো উন্নয়ন প্রকল্পের নাম	২০২৩-২৪ এর বরাদ্দকৃত অর্থ	২০২৩-২৪ এর ব্যয়িত অর্থ	(২০২৩- ২৪) লক্ষ্যমাত্রা	অগ্রগতির শতকরা হার
১	বাংলাদেশ ডাক বিভাগের অধীনস্থ জরাজীর্ণ ডাকঘরসমূহের সংস্কার/পুনর্বাসন-২য় পর্যায় (২য়)	৪০০০.০০	৩৯৯৭.৯৬	১০০%	৯৯.৯৫%

	সংশোধিত)				
২	ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ (১ম সংশোধিত)	৬৫০০.০০	৬৪৯৪.৪১	১০০%	৯৯.৯১%

## ৫.১৯ প্রশিক্ষণ শাখা

ডাক অধিদপ্তর এর অধীন ১টি পোস্টাল একাডেমি ও ৪টি পোস্টাল ট্রেনিং সেন্টার রয়েছে। পোস্টাল একাডেমি রাজশাহীতে বিসিএস ক্যাডার কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ ও ডাক বিভাগের কর্মকর্তাদের পোস্টাল ম্যানেজমেন্ট কোর্স, পোস্ট অফিস পরিদর্শক ও উপজেলা পোস্টমাস্টারগণের ইন্ডাকশন কোর্স ও বিভিন্ন শর্টকোর্স/ ওয়ার্কশপ/ সেমিনার অনুষ্ঠিত হয়ে থাকে।

৪টি পোস্টাল ট্রেনিং সেন্টারে ডাক বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। ৩য় শ্রেণির পোস্টাল অপারেটর এবং মেইল অপারেটরদের প্রাথমিক ও এ্যাডভান্স কোর্স চাকুরি স্থায়ীকরণের জন্য আবশ্যিক। এছাড়াও পোস্ট অফিসের পরিদর্শকগণের জন্য ইন্ডাকশন কোর্স বাধ্যতামূলক।

পোস্টাল ট্রেনিং সেন্টার, জিরানী, গাজীপুর ও পোস্টাল ট্রেনিং সেন্টার খুলনায় ডাক বিভাগের ৩য় শ্রেণির কর্মচারীদের পোস্টাল অপারেটর প্রাথমিক কোর্স, কম্পিউটার লিটারেসি, পোস্টাল অপারেটর এ্যাডভান্স কোর্স, বেসিক কম্পিউটার ট্রেনিং (এসপিএম/এপিএম/ইউপিএম), মেইল অপারেটর প্রাথমিক কোর্স, অনলাইন এজেন্সি সার্ভিস, পিএলআই আইন, গ্রহণ, দাবী নিষ্পত্তি, হিসাবরক্ষণ, তহবিল মূল্যায়ন সংক্রান্ত বিশেষ কোর্স, এল ডি/ ইউডি নথি ব্যবস্থাপনা ও পত্র বিনিময় বিশেষ কোর্স, আন্তর্জাতিক ডাক ব্যবস্থাপনা বিশেষ কোর্স, সঞ্চয়পত্র ও ডাকঘর সঞ্চয় ব্যাংক বিশেষ কোর্স, ই-ফাইলিং, এমএস অফিস কোর্স IPS.post, CDS.post কোর্স সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়।

পোস্টাল ট্রেনিং সেন্টার রাজশাহী ও পোস্টাল ট্রেনিং সেন্টার কুমিল্লায় ডাক বিভাগের ৪র্থ শ্রেণির কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিভাগীয় কাজের দক্ষতা বৃদ্ধির জন্য সহকারী পরিদর্শক সমমানের রিফ্রেসার কোর্স, ৪র্থ শ্রেণির কর্মচারী রিফ্রেসার কোর্স (আরএমএস ও পিএলআইসহ), পোস্টম্যান রিফ্রেসার কোর্স এবং ডাক কর্মকর্তাদের বিভাগীয় নীতি ছাড়াও অটিজম ও শুদ্ধাচার সংক্রান্ত, যৌতুক বিরোধী ও বৃক্ষ রোপন আন্দোলন সংক্রান্ত, কম্পিউটার সফটওয়্যার ও হার্ডওয়্যার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়।

ডাক অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ শাখা হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর নির্দেশিত কর্মকর্তা ও কর্মচারীদের সমসাময়িক বিষয় ভিত্তিক প্রশিক্ষণ যেমন ভিশন-২০৪১, এসডিজি, প্রেক্ষিত পরিকল্পনা-২০৩০ এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়নের অন্যান্য প্রশিক্ষণ যেমন সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার আইন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত হয়। ইন-হাউজ প্রশিক্ষণে কর্মচারীদের শৃংখলা ও আপীল বিধিমালা, এ সি আর সংক্রান্ত জুম প্রশিক্ষণ, এপিএএমএস সফটওয়্যারের উপর জুম প্রশিক্ষণ, কম্পিউটার প্রশিক্ষণ, ই-নথি প্রশিক্ষণ, ও সেন্ট্রাল আইসিটি সেল শাখা হতে উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ ও কর্মশালা, শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ ও কর্মশালা এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়।

এছাড়াও দেশের অভ্যন্তরে বিভিন্ন প্রশিক্ষণ ইন্সটিটিউট থেকে চাহিদার প্রেক্ষিতে প্রশিক্ষণ ফি পরিশোধ সাপেক্ষে প্রয়োজনীয় প্রশিক্ষণে কর্মকর্তা/কর্মচারী মনোনয়ন প্রদান করা হয়। যেমন ২০২৩-২০২৪ অর্থ বছরে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে **Project Planning and Management Training, Diploma in Project Planning , Development and Management** বিষয়ক প্রশিক্ষণে ডাক অধিদপ্তরের ০২ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন। বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট এ **Public Procurement Rules** বিষয়ক প্রশিক্ষণে ৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এছাড়া আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে নিয়মিত ভিত্তিতে কর্মকর্তা ও কর্মচারীরা প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

মানব সম্পদ উন্নয়ন

দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (১জুলাই ২০২৩থেকে ৩০ জুন ২০২৪ পর্যন্ত।)

প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা।
১	২
৭১	১১৩৯

ইন হাউজ প্রশিক্ষণের বর্ণনা

প্রশিক্ষণ মোট সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা।
১	২
১৪৩	৫,৭৮৫

প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা।

০৯ (নয়) জন।

সেমিনার ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (১জুলাই ২০২৩থেকে ৩০ জুন ২০২৪ পর্যন্ত।)

দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা	সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীর সংখ্যা।
১	২
৪৬	১৪২০

## ক. পোস্টাল একাডেমি, রাজশাহী

পোস্টাল একাডেমি, রাজশাহীকে মানবসম্পদ উন্নয়নের নার্সিং হোম হিসেবে অ্যাখায়িত করা যেতে পারে। ডাক বিভাগের শিক্ষানবিশ হতে শুরু করে উর্ধ্বতন পর্যায়ের কর্মচারীদের যুগোপযোগী, আধুনিক ও মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাঁদের মধ্যে প্রশাসনিক দক্ষতা ও নেতৃত্বগুণ তৈরি করার বিষয়ে পোস্টাল একাডেমি দায়বদ্ধ। এ দায়িত্ব যথাযথভাবে পালনের লক্ষ্যে পোস্টাল একাডেমি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জাতীয়ভাবে মানবসম্পদ ব্যবস্থাপনা ও পেশাগত দক্ষতার উন্নয়ন সাধনের লক্ষ্যে ১৯৮২ সালে পোস্টাল একাডেমি, রাজশাহী এর যাত্রা শুরু হয়।

মূলত ডাক বিভাগের বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তা, নন-ক্যাডার ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা, পোস্ট অফিস পরিদর্শক এবং পোস্টাল অপারেটর ও সমমানের কর্মচারীবৃন্দের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ পোস্টাল একাডেমি কর্তৃক প্রদান করা হয় যেখানে সারা দেশ থেকে আগত ডাক বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ প্রশিক্ষণ নিয়ে থাকেন। তাছাড়া সারাদেশের পোস্ট ই-সেন্টার সমূহের ০৩ ও ০৬ মাস মেয়াদী “ডিপ্লোমা-ইন সফটওয়্যার অ্যাপ্লিকেশন” কোর্সের প্রশ্নপত্র প্রণয়ন, পরীক্ষা গ্রহণ ও সার্টিফিকেট প্রদানের কাজে পোস্টাল একাডেমি যুক্ত রয়েছে। পোস্টাল একাডেমির বেশীরভাগ প্রশিক্ষণই সম্পূর্ণ আবাসিক।

পোস্টাল একাডেমির ক্যারিয়ারভিত্তিক মূল কোর্সের মধ্যে রয়েছে পোস্টাল ম্যানেজমেন্ট কোর্স (পিএমসি) এবং ইন্ডাকশন পোস্টাল ম্যানেজমেন্ট কোর্স (পিএমসি) নতুন নিয়োগপ্রাপ্ত সহকারী পোস্টমাস্টার জেনারেল, ইন্ডাকশন কোর্সটি নবনিযুক্ত অ্যাকাউন্টস অফিসার, পরিদর্শক,সহকারী পোস্টমাস্টার এবং উপজেলা পোস্টমাস্টারদের জন্য।

গত কয়েক বছর ধরে কম্পিউটারের কিছু মৌলিক কোর্স পরিচালিত হচ্ছে। সেভিংস ব্যাংক ম্যানেজমেন্ট, পোস্টাল লাইফ ইন্সুরেন্স, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, রিটেইল এন্ড মার্কেটিং, মেইল ম্যানেজমেন্ট, ল্যান্ড ম্যানেজমেন্ট, কোর্ট কেস, জনসংযোগ ও নথি ব্যবস্থাপনা কোর্স, ওরিয়েন্টেশন কোর্স, কমিউনিকেশন এন্ড মোটিভেশন কোর্স, মেইল ও কর্মী ব্যবস্থাপনা কোর্স, প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স, কর্মসংস্কৃতি শৃঙ্খলা ও নথি ব্যবস্থাপনা কোর্স, আর্থিক ব্যবস্থাপনা কোর্স, মর্ডান ম্যানেজমেন্ট কোর্স, সার্টিফিকেট কোর্স অন লিগ্যাল সিস্টেম এন্ড জুডিশিয়াল প্রসিডিউর-১ সার্টিফিকেট কোর্স অন রিসার্চ মেথোডোলজি এন্ড সার্ভে টেকনিক, ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট কোর্স, সার্টিফিকেট কোর্স অন সেফটি ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন কোর্স, অফিস সিকিউরিটি কোর্স,লিডারশীপ ডেভেলপমেন্ট এন্ড পার্সোনাল কোর্স, স্ট্রাটাজিক ম্যানেজমেন্ট কোর্স, নিউ সার্ভিসেস এন্ড প্রসেস অটোমেশন কোর্স, আন্তর্জাতিক ডাক ব্যবস্থা ও আন্তর্জাতিক ডাক হিসাবরক্ষণ কোর্স, সাংগঠনিক আচরণ কোর্স, কম্পিউটার ট্রেনিং(বেসিক হার্ডওয়্যার ও ট্রাবলশুটিং, এমএস অফিস ইত্যাদি) রিফ্রেশার কোর্স, লিডারশীপ কোর্স, পোস্টঅফিস অটোমেশন আই বাস++ ,ই-ফাইলিং ইত্যাদি কোর্স পোস্টাল একাডেমিতে নিয়মিতভাবে পরিচালিত হয়। বিসিএস ডাক ক্যাডারের কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য পোস্টাল একাডেমি, রাজশাহী বাংলাদেশের একমাত্র প্রতিষ্ঠান। বার্ষিক প্রশিক্ষণ সূচি মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়।

## খ. ডাক প্রশিক্ষণ কেন্দ্র, জিরানী, গাজীপুর

ডাক বিভাগের নিজস্ব কর্মচারীদের কাজে দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে ডাক প্রশিক্ষণ কেন্দ্রের প্রতিষ্ঠা। প্রশিক্ষণ গ্রহণের পাশাপাশি বিভিন্ন স্থান হতে আগত ডাক কর্মচারীরা এখানে নিজেদের মধ্যে মেলামেশা ও ভাবের

